রণিত স্কুল এন্ড কলেজ

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়

(*) চিহ্নিত প্রশ্নগুলো পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ

প্রথম অধ্যায়: আমাদের মুক্তিযুদ্ধ

সংক্ষিপ্ত প্রশ্ন

১. মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য কত ধরনের রাষ্ট্রীয় খেতাব দেওয়া হয়? ***
২. মুক্তিযুদ্ধে নারীদের দুইটি ভুমিকা লেখ। ***
৩. মুক্তিযুদ্ধে 'ইন্টেলিজেন্স গ্রুপের' জন্য নির্দেশনা কী ছিল? ***
৪. ত্রিশ হাজার নিয়মিত যোদ্ধা নিয়ে একটি বাহিনী যুদ্ধে অংশ নিয়েছিল। এ বাহিনীর নাম কী? **
৫. মুক্তিযুদ্ধে 'অ্যাকশন গ্রুপের' কাজ কী ছিল? **
৬. বঙ্গবন্ধু কত তারিখে স্বদেশ প্রত্যাবর্তন করেন? **
৭. কখন মুক্তিযুদ্ধে শুরু হয়েছিল? **
৮. মুজিবনগর সরকার গঠিত হয়েছিল কেন? দুটি বাক্যে লিখ। **
৯. ২৫শে মার্চ রাতকে 'কালরাত' বলা হয় কেন? **
১০. মুক্তিযুদ্ধের সময় নিয়মিত বাহিনীগুলো কী কী ছিল? **
১১. মিত্রবাহিনী একটি আক্রমণকে কেন্দ্র করে বাংলাদেশে যুদ্ধ করে। আক্রমণটির নাম কী? **
১২. এমন পাঁচটি ঘটনার কথা লেখ যা মুক্তিযুদ্ধ সংঘটনে ভূমিকা রেখেছিল। *
১৩. আজ থেকে কত বছর আগে মুক্তিযুদ্ধ হয়েছিল? *
১৪. মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় উপাধিগুলো কী কী? *
১৫. মুক্তিবাহিনীর দুটি বিগ্রেড ফোর্সের নাম লেখ। *
১৬. ১৯৭১ সালের ১১ই জুলাই গঠন করা 'মুক্তিবাহিনী'। এ বাহিনীর সদস্য ছিলেন কারা? *
১৭. মুক্তিযুদ্ধের সময় 'মুক্তিফৌজ' নামে একটি বাহিনী ছিল। এ বাহিনীর যোদ্ধার সংখ্যা কত ছিল? *
১৮. অপারেশন জ্যাকপটে বাংলাদেশের পক্ষে একটি বাহিনী যুদ্ধ করে যার প্রধান ছিলেন লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা। বাহিনীটির নাম কী? *
১৯. মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধারা নানা স্লোগান দিত। তাদের প্রিয় স্লোগান কী ছিল? *
২০. দুইজন শহিদ বুদ্ধিজীবীর নাম লেখ। *
২১. দুইজন বীরশ্রেষ্ঠের নাম লেখ।*
২২. বাংলাদেশের প্রথম সরকারের নাম কী? *
২৩. মুক্তিফৌজে কতজন নিয়মিত যোদ্ধা ছিল? *
২৪. 'অপারেশন জ্যাকপট' কী? **
২৫. মুক্তিযোদ্ধাদের প্রিয় স্লোগান কী ছিল? *
২৬. বাঙালি জাতির ইতিহাসের একটি গৌরবময় ঘটনার নাম লেখ। *
২৭. মুজিবনগর সরকার কত তারিখে গঠিত হয়েছিল? *

২৮. বুদ্ধিজীবীদের কারা হত্যা করেছিল? *
২৯. মুক্তিযুদ্ধের অবিসংবাদিত নেতা কে ছিলেন? *
৩০. ১৯৭১ সালের ১১ই জুলাই গঠিত একটি বাহিনীর প্রধান ছিলেন জেনারেল মুহাম্মদ আতাউল গণি ওসমানি। বাহিনীটির নাম কী? *
৩১. মুক্তিবাহিনী গঠন করা হয়েছিল কবে? এর উপপ্রধান সেনাপতি কে ছিলেন? *
৩২. মুক্তিবাহিনীর কাছে পরাজিত হয়ে পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করে। তাদের পক্ষে আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন কে? *
৩৩. বাঙালি জাতির ইতিহাসে স্মরণীয় দুটি প্রতিবাদ আন্দোলনের নাম লেখ।
৩৪. ১৯৭১ সালে মুজিবনগর সরকার গঠন করা হয়। এ সরকার গঠিত না হলে কী ধরনের সমস্যা সৃষ্টি হতো?
৩৫. বাংলাদেশের স্বাধীনতা অর্জনের জন্য ১৯৭১ সালের ১০ই এপ্রিল একটি সরকার গঠন করা হয়। সরকারটি কী নামে পরিচিত ছিল?
৩৬. বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণার পর মুজিবনগর সরকার গঠন করা হয়। কত তারিখে এ সরকার গঠিত হয়েছিল?
৩৭. ১৯৭১ সালের ১০ই এপ্রিল মুজিবনগর সরকার গঠন করা হয়। এ সরকার গঠিত হয়েছিল কেন?
৩৮. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য মুজিবনগর সরকার বাংলাদেশকে বেশ কয়েকটি সেক্টরে ভাগ করেছিল। পুরো বাংলাদেশকে এরকম কয়টি সেক্টরে ভাগ করা হয়?
৩৯. ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তানি বাহিনী পূর্ব পাকিস্তানে একটি অভিযান পরিচালনা করে। কার নির্দেশে এ অভিযান পরিচালিত হয়?
৪০. 'তারা পথঘাট চিনিয়ে, ভাষা বুঝিয়ে পাকিস্তানি বাহিনীতে নির্যাতন-তাণ্ডব চালাতে সাহায্য করে।"-উক্তিটি কাদের ক্ষেত্রে প্রযোজ্য?
৪১. ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী নিরীহ বাঙালির ওপর অতর্কিত আক্রমণ করে। এই আক্রমণের নাম কী ছিল?
৪২. প্রতিবছর আমরা দুঃখের সাথে ২৫শে মার্চ রাতকে স্মরণ করি। এ রাতকে 'কালরাত' বলা হয় কেন?
৪৩. গেরিলা বাহিনীর অন্তর্ভূক্ত দুটি গ্রুপের নাম লেখ।
৪৪. মীরজাফর ও তার সাঙ্গপাঙ্গরা পলাশির যুদ্ধে দেশের বিপক্ষে অবস্থান নিয়েছিল। মুক্তিযুদ্ধের সময় কারা তাদের মতো জঘন্য কাজ করেছিল?
৪৫. বাংলাদেশের মানুষ স্বাধীনতা লাভের জন্য মুক্তিযুদ্ধে অবতীর্ণ হয়েছিল। কখন এ যুদ্ধ শুরু হয়েছিল?
৪৬. ২৩ বছরের পাকিস্তানি শাসনের পর বাংলাদেশ স্বাধীন হয়। কীভাবে এ দেশ স্বাধীন হয়?
৪৭. মুক্তিযোদ্ধারা যুদ্ধক্ষেত্রে বীরদর্পে যুদ্ধ করেছিল। তাদের প্রধান যুদ্ধ কৌশল ছিল কোনটি?
৪৮. সামিয়ার বাবা মুক্তিবাহিনীর 'কে' ফোর্সের অধীনে যুদ্ধ করেছেন। মুক্তিবাহিনীকে এরকম কয়টি ব্রিগেড ফোর্সে ভাগ করা হয়েছিল?
৪৯. সুমির দাদা মুক্তিযুদ্ধের সময় ময়মনসিংহ অঞ্চলে যুদ্ধ করেছেন। এই এলাকাটি কত নম্বর সেক্টরের অধীনে ছিল?
৫০. পর্যটন কেন্দ্র কুয়াকাটা পটুয়াখালী জেলায় অবস্থিত। মুক্তিযুদ্ধের সময় এটি কত নম্বর সেক্টরের অধীনে ছিল?
৫১. মুক্তিযুদ্ধের সময় মেজর খালেদ মোশাররফের নেতৃত্বে একটি ফোর্স ছিল। এ ফোর্সের নাম কী?
৫২. আতাউল্লাহ সাহেব 'কে' ফোর্সের অধীনে মুক্তিযুদ্ধ করেছিল। তার ফোর্সের নেতৃত্বে কে ছিলেন?
৫৩. কায়সার সাহেব ১৯৭১ সালে পাকিস্তানি সেনাবাহিনীর বিরুদ্ধে সিলেট জেলার পূর্বাঞ্চলে যুদ্ধ করেছেন। এই এলাকাটি কত নম্বর সেক্টরের অধীনে ছিল?
৫৪. তোমার দাদু মুক্তিযুদ্ধের সময় সম্মুখ যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। তিনি কোন গ্রুপের সদস্য ছিলেন?
৫৫. তোমার ছোট চাচা একজন নাবিক। তিনি নিজ দায়িত্ব পালনের মাধ্যমে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। তিনি কোন সেক্টরে যুদ্ধ করেছিলেন?
৫৬. 'ক' বাহিনী বাংলাদেশকে মেধাশূন্য করার পরিকল্পনা করে হত্যাযজ্ঞ চালায়। এখানে কোন বাহিনীর কথা বলা হয়েছে?
৫৭. সেলিনা পারভীন ১৯৭১ সালের ১০-১৪ই ডিসেম্বরের মধ্যে হানাদার বাহিনীর হাতে শহিদ হন। তার পেশা কী ছিল?
৫৮. আনান তার বাবার সাথে বুদ্ধিজীবী দিবস উপলক্ষে বুদ্ধিজীবী কবরস্থানে গিয়েছিল। সে কত তারিখে বুদ্ধিজীবী কবরস্থানে গিয়েছিল?
৫৯. তুমি রায়েরবাজার বধ্যভূমি দেখতে গেলে। সেখানে গিয়ে তুমি কী করবে?
৬০. যৌথবাহিনীর তীব্র আক্রমণে ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করতে বাধ্য হয়। এর ফলে কী ঘটে?
৬১. যৌথবাহিনীর পক্ষে মি. 'ক' আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন। এখানে মি. 'ক' বলতে কাকে বোঝানো হয়েছে?

৬২. একটি যুদ্ধে ৩০ লাখ বাঙালি শহিদ হন। ইতিহাসে যুদ্ধটি কী নামে পরিচিত?
৬৩. জুনায়েদের দাদা একজন সংগীতশিল্পী। মুক্তিযুদ্ধের সময় তাঁর মতো শিল্পীরা কীভাবে মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করতেন?
৬৪. ফাহিমের বাবা মুক্তিযুদ্ধে শহিদ হয়েছেন। তার মতো কত লাখ বাঙালি মুক্তিযুদ্ধে শহিদ হয়েছিলেন?
৬৫. যদি মুক্তিযুদ্ধের সময় তোমার বয়স ২০ বছর হতো তাহলে তুমি কীভাবে মুক্তিযুদ্ধে অংশ নিতে?
৬৬. মনে কর, মুক্তিযুদ্ধ চলাকালে তোমার বয়স ১০ বছর। একজন যুদ্ধহত মুক্তিযোদ্ধা তোমাদের বাড়িতে আশ্রয় নিতে চাইলে তুমি তোমার বাবা-মাকে কী পরামর্শ দেবে?
৬৭. হুমায়রার চাচা মুক্তিযুদ্ধের সময় ঘরবাড়ি হারিয়ে ভারতে আশ্রয় নিয়েছিলেন। তার মতো কত মানুষ ভারতে আশ্রয় নিয়েছিল?
৬৮. সাংস্কৃতিক কর্মীরা মুক্তিযুদ্ধের পক্ষে কাজ করেছিলেন। তাদের ভূমিকা কী ছিল?
৬৯. তাজুলের মা মুক্তিযোদ্ধাদের সাহায্য করেছিলেন। তিনি কীভাবে মুক্তিযোদ্ধাদের সাহায্য করতেন?
৭০. মুক্তিযুদ্ধে সাহসিকতা ও ত্যাগের জন্য চারটি উপাধি দেওয়া হয়। এর মধ্যে তৃতীয় সর্বোচ্চ উপাধি কোনটি?
৭১. মুক্তিযুদ্ধে অসম সাহসের সাথে যুদ্ধ করে প্রাণদান করায় ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখকে সরকার একটি রাষ্ট্রীয় উপাধি দেয়। উপাধিটির নাম কী?
৭২. গোলাম মোস্তফা সাহেব মুক্তিযুদ্ধে বীরত্বের জন্য চতুর্থ বীরত্বসূচক উপাধি লাভ করেন। তিনি কোন উপাধি লাভ করেন?
৭৩. তোমার বিদ্যালয়ে বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। এ অনুষ্ঠানে তুমি কাকে প্রধান অতিথি করার পরামর্শ দেবে?
৭৪. সাবরিনার দাদু একজন মুক্তিযোদ্ধা। তার সাথে দেখা হলে তুমি কোন বিষয় সম্পর্কে জানতে বেশি আগ্রহ দেখাবে?
৭৫. বিজয় দিবসের অনুষ্ঠানে শিক্ষার্থীদের পক্ষ থেকে তোমাকে বক্তৃতা দেওয়ার সুযোগ দেওয়া হয়েছে। তুমি তোমার বক্তৃতায় কোন বিষয়টি তুলে ধরবে?
৭৬. বিজয় দিবসের অনুষ্ঠানে তোমার বিদ্যালয়ে একটি নাটক মঞ্চস্থ হবে। এ নাটকে তুমি কোন চরিত্রে অভিনয় করবে?
৭৭. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
৭৮. বাংলাদেশের স্বাধীনতা দিবস কোন তারিখে?
৭৯. মুক্তিযুদ্ধের সময় দেশকে কতটি সেক্টরে ভাগ করা হয়েছিল?
৮০. শহিদ বুদ্ধিজীবী দিবস কবে পালন করা হয়?
৮১. মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন কে?
৮২. মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন?
৮৩. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করা হয়েছিল কেন?
৮৪. ১৯৪৭ সালে ব্রিটিশরা ভারত উপমহাদেশ ছেড়ে চলে যাওয়ার পর কোন দুটি স্বাধীন রাষ্ট্রের সৃষ্টি হয়?
৮৫. মুক্তিযুদ্ধের শুরুর দিকে বাংলাদেশে প্রথম সরকার গঠিত হয়। এই সরকার কত তারিখে শপথ গ্রহণ করে? সুমন বলল, ১৯৭১ সালের ১০ই এপ্রিল বাংলাদেশের প্রথম সরকার গঠন করা হয়। সুমন যে সরকারের কথা বলল তা কী নামে পরিচিত?
৮৬. সৈয়দ নজরুল ইসলাম মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেছিলেন। তিনি এ দায়িত্ব পালন করেছিলেন কেন?
৮৭. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর নাম লেখো।
৮৮. টিউলিপদের বাড়ি মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলায় অবস্থিত। তাদের এলাকাটি আগে কী নামে পরিচিত ছিল?
৮৯. মুক্তিযুদ্ধে প্রতিটি সেক্টরে অ্যাকশন গ্রুপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ গ্রুপের কাজ কী ছিল?
৯০. মুক্তিযুদ্ধের সময় আতিক সাহেব পাকিস্তানি সেনাদের গতিবিধি সম্পর্কে খবরাখবর সংগ্রহ করতেন। তিনি কোন গ্রুপের সদস্য ছিলেন?
৯১. বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের বিপক্ষে অবস্থান নিয়েছিল এমন দুটি সংগঠনের নাম লেখো।

কাঠামোবদ্ধ প্রশ্ন

১. মুক্তিযুদ্ধ কী? মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল কেন? মুক্তিযুদ্ধের চারটি অবদান বা তাৎপর্য লেখো।***

২. মুক্তিবাহিনী কখন গঠন করা হয়? মুক্তিবাহিনী কেন গঠন করা হয়? মুক্তিবাহিনীর চারটি কাজ লেখো। ***

৩. 'মুজিবনগর সরকার' কী? এ সরকার গঠন করা হয়েছিল কেন? মুজিবনগর সরকার গঠনের চারটি অবদান বা ফলাফল লেখো।**

৪. বীরত্বসূচক রাষ্ট্রীয় উপাধি কয়টি? বীরত্বসূচক রাষ্ট্রীয় উপাধি প্রদান করা হয়েছে কেন? চারজন বীরশ্রেষ্ঠের নাম লেখো।**

৫. অপারেশন সার্চলাইট কী? অপারেশন সার্চলাইট কেন পরিচালিত হয়েছিল? অপারেশন সার্চলাইটের চারটি ক্ষতিকর দিক লেখো।*

৬. মুক্তিযুদ্ধ কী? এই যুদ্ধে সমগ্র বাঙালি জাতি জড়িয়ে পড়ে কেন? মুক্তিযুদ্ধে নারীদের চারটি ভূমিকা লেখো।*

৭. স্বাধীনতা লাভের জন্য ফিলিস্তিনের মুক্তিযোদ্ধারা একটি প্রবাসী সরকার গঠন করে। ফিলিস্তিনের অনুরূপ বাংলাদেশের প্রবাসী সরকার কবে গঠিত হয়? এ সরকার শপথ গ্রহণ করে কখন? এ সরকার সম্পর্কে চারটি বাক্য লেখো।

৮. পাকিস্তানি হানাদার বাহিনীকে প্রতিরোধ করার জন্য ১৯৭১ সালের এপ্রিল মাসে গঠন করা হয়েছিল মুজিবনগর সরকার। এ সরকার গঠনের প্রত্যক্ষ ফল কী? এ সরকার দায়িত্বপ্রাপ্ত পাঁচজন গুরুত্বপূর্ণ ব্যক্তির পদবিসহ নাম লেখো।

৯. সজিবদের দেশে মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ১৯৭১ সালের ১১ই জুলাই একটি বাহিনী গঠন করা হয়। বাহিনীর নাম কী? বাহিনীটি কয়টি বিগ্রেড ফোর্সে বিভক্ত ছিল? এ বাহিনীটি সম্পর্কে চারটি বাক্য লেখো।

১০. পাকিস্তানি বাহিনীর প্রত্যক্ষ সহযোগিতায় আলবদর বাহিনী ১৯৭১ সালের শেষের দিকে একটি হত্যাযজ্ঞ চালায়। এ হত্যাযজ্ঞটি কখন পরিচালত হয়? এর মূল্য উদ্দেশ্য কী ছিল? এ হত্যাযজ্ঞে শহিদ হয়েছেন এমন চারজনের নাম লেখো।

১১. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে অসামান্য ভূমিকা রাখায় সরকার মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় উপাধিতে ভূষিত করেছে। এ ধরনের উপাধি কয়টি? এসব উপাধির মধ্যে সর্বোচ্চ বীরত্বসূচক উপাধি কোনটি? উপাধি প্রাপ্ত চারজনের নাম লেখো।

১২. রহিমপুর গ্রামের নেজামত শিকদার মুক্তিযুদ্ধের সময় এদেশের বিপক্ষে অবস্থান নিয়েছিল। নেজামত শিকদারদের দ্বারা গঠিত তিনটি সংগঠনের নাম কী? তারা কীভাবে পাকিস্তানি হানাদার বাহিনীকে সহায়তা করেছিল তা তিনটি বাক্যে লেখো।

১৩. আমরা এখন স্বাধীন বাংলাদেশের নাগরিক। আজ থেকে কত বছর আগে আমরা স্বাধীনতা লাভ করেছি? সেই স্বাধীনতা লাভে ভারত আমাদের কীভাবে সাহায্য করেছিল তা পাঁচটি বাক্যে লেখো।

১৪. নলডাঙ্গা উচ্চ বিদ্যালয়ে বিজয় দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠান হচ্ছে। উক্ত দিবসটি কত তারিখে পালিত হয়? দিবসটিতে কারা আত্মসমর্পণ করেছিল? দিবসটির তাৎপর্য নিয়ে চারটি বাক্য লেখো।

১৫. মুক্তিযুদ্ধে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েচিল? কেন ভাগ করা হয়েছিল? মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধাদের চারটি অবদান লেখো।

১৬. আলবদর বাহিনী ১৯৭১ সালের শেষের দিকে একটি হত্যাযজ্ঞ চালায়। এ হত্যাযজ্ঞটি কখন পরিচালিত হয়? এর মূল উদ্দেশ্য কী ছিল? এ হত্যাযজ্ঞে শহিদ হয়েছেন এমন চারজনের নাম লেখো।

১৭. মুক্তিযুদ্ধে শহিদ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মুনীর চৌধুরীসহ অন্যান্য বুদ্ধিজীবিকে স্মরণ করে একটি দিবস পালন করা হয়। দিবসটি কবে? দিবসটি পালন করা হয় কেন? মুনীর চৌধুরীদের মতো বুদ্ধিজীবিদের স্মরণ করার চারটি উপায় লেখো।

১৮. মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা কী লাভ করেছি? মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছিল কেন? একজন বীর মুক্তিযোদ্ধাকে সম্মান দেখানোর চারটি উপায় লেখো।

দ্বিতীয় অধ্যায়: ব্রিটিশ শাসন

সংক্ষিপ্ত প্রশ্ন

১. তিতুমির কাদের বিরুদ্ধে যুদ্ধ করেন? ***

২. ব্রিটিশ শাসনের দুইটি ভালো ও দুইটি খারাপ দিক উল্লেখ করো।**

৩. পলাশির যুদ্ধের দুইটি কারণ লেখো। **

৪. পলাশির যুদ্ধের দুইটি ফলাফল লেখো। **

৫. ঘষেটি বেগম কে ছিলেন? **

৬. পলাশির যুদ্ধ কত সালে সংঘটিত হয়েছিল? **

৭. নবাব সিরাজ উদ-দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হন? **

৮. ছিয়াত্তরের মন্বন্তর কী? **

৯. সিপাহি বিদ্রোহের দুইটি কারণ লেখো। **

১০. নবজাগরণ কী? **

১১. 'ভাগ কর শাসন কর' নীতি কাদের? এ নীতির ফলে কী হয়েছিল? *

১২. নবাব সিরাজ উদ-দৌলা পলাশির যুদ্ধে পরাজিত হয়েছিলেন কেন? *

১৩. বাংলায় ইংরেজদের আগমন ঘটে কেন? *

১৪. বাংলার শেষ স্বাধীন নবাব কে ছিলেন? *

১৫. মোঘলরা বাংলাকে কী বলত? *

১৬. বাহাদুর শাহ পার্ক কোথায় অবস্থিত? *

১৭. তিতুমির কত সালে নিহত হন? *

১৮. ইংরেজ শাসনামলের একজন নারীকে নারী জাগরণের অগ্রদূত বলা হয়। তার নাম কী? *

১৯. বাংলায় একসময় নবজাগরণ ঘটে। এটি কোন শতকে ঘটে? *

২০. বাংলার নবজাগরণে কারা অবদান রেখেছেন? *

২১. সিপাহি বিদ্রোহের পাঁচটি কারণ লেখো।*

২২. বাংলায় পর্তুগিজ, ডাচদের পাশাপাশি ইংরেজরাও এসেছিল। তারা কেন এদেশে এসেছিল?

২৩. ইংরেজরা ভারত ও ব্রিটেনের মধ্যে বাণিজ্য পরিচালনার জন্য একটি কোম্পানি প্রতিষ্ঠা করে। কোম্পানিটির নাম কী?

২৪. মোঘলরা বাংলাকে 'যেকোনো জাতির স্বর্গ' হিসেবে আখ্যায়িত করেছিল। এর যথার্থ কারণ কী?

২৫. ব্রিটিশ আমলে ভারতবর্ষের হিন্দু-মুসলিমদের মধ্যে বিভেদ সৃষ্টি হয়। কোন নীতির ফলে এ বিভেদ সৃষ্টি হয়েছিল?

২৬. বাংলা ১১৭৬ সালে 'ছিয়াত্তরের মন্বন্তর' নামে এক দুর্ভিক্ষ হয়। তখন ইংরেজ কত সাল ছিল?

২৭. ব্রিটিশরা কঠোরভাবে সিপাহি বিদ্রোহ দমন করে। এ সময় নিহত হওয়া ভারতীয়দের সংখ্যা কত?

২৮. জেরিন তার বাবার সাথে বাহাদুর শাহ পার্কে বেড়াতে যায়। সেখানে ইংরেজরা কাদের ফাঁসি দিয়েছিল?

২৯. ব্রিটিশ আমলে প্রতিষ্ঠিত দুইটি রাজনৈতিক দলের নাম লেখো।

৩০. রাজনৈতিক আন্দোলনের ধাপ হিসেবে ভারতীয় মুসলিম লীগ নামে একটি রাজনৈতিক দল গঠন করা হয়। দলটি কত সালে গঠিত হয়?

৩১. ভারতীয়দের জাতীয় চেতনার প্রসারে ভীত হয়ে ব্রিটিশরা বাংলা প্রদেশকে দু'টি ভাগে ভাগ করে। এটি কতসালে করা হয়?

৩২. জনগণের আন্দোলনে ব্রিটিশরা ভারত ত্যাগ করতে বাধ্য হয়েছিল। তারা কত সালে ভারত ত্যাগ করেছিল?

৩৩. জামশেদের দাদা কাঠগড় এলাকার জমিদার। জমিদার প্রথার একটি কুফল লেখো।

৩৪. ইংরেজদের সাথে লড়াই করার জন্য তিতুমির বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন। তিনি কোথায় এ কেল্লা নির্মাণ করেছিলেন?

৩৫. ১৭৫৭ সালে ইংরেজরা ভারতীয় উপমহাদেশের শাসন ক্ষমতা দখল করে। তারা কত বছর এদেশে রাজত্ব করে?

৩৬. প্রায় ২০০ বছর পর ইংরেজদের কাছ থেকে ভারতীয়রা স্বাধীনতা লাভ করে। কোন সালে এ দেশ স্বাধীন হয়?

৩৭. ব্রিটিশদের বিরুদ্ধে সংঘটিত দুইটি ভারতীয় আন্দোলনের নাম লেখো।

৩৮. রাজনৈতিক আন্দোলনের তৃতীয় ধাপে খ্যাতনামা লেখকরা দেশপ্রেমমূলক কবিতা ও গান রচনা করেন। এর ফলে কী ঘটে?

৩৯. ব্রিটিশ বিরোধী রাজনৈতিক আন্দোলনের তৃতীয় ধাপে নেতৃত্ব দিয়েছেন দুইজন বিশিষ্ট ব্যক্তি। তাদের নাম কী?

৪০. বাংলার স্বাধিকার আন্দোলনে অনেক কবি ও সাহিত্যিক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। তাঁদের মধ্যে উল্লেখ্যযোগ্য দুইজনের নাম লেখো।

৪১. ইউরোপীয় বণিকদে মধ্যে শেষ পর্যন্ত কারা টিকেছিল?

৪২. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি কত বছর এ দেশ শাসন করেছিলেন?

৪৩. কত সালে ইংরেজরা ভারত ত্যাগ করতে বাধ্য হয়?

৪৪. 'ছিয়াত্তরের মন্বন্তর' কখন হয়েছিল?

৪৫. বাংলার শেষ স্বাধীন নবাব মাত্র ২২ বছর বয়সে সিংহাসনে বসেন। এ নবাবের নাম কী?

৪৬. নবাব সিরাজ উদ-দৌলার সেনাবাহিনী প্রধানের বিশ্বাসঘাতকতার কারণে পরাজিত হন। তার বাহিনীর প্রধান কে ছিলেন?

৪৭. ১৮৩১ সালে ব্রিটিশ বিরোধী আন্দোলনের সময় একজন বিদ্রোহী নেতা পরাজিত ও নিহত হন। তার নাম কী?

৪৮. বাংলায় ১১৭৬ সালে এক ভয়াবহ দুর্ভিক্ষ হয়। এ দুর্ভিক্ষ কী নামে পরিচিত?

৪৯. ১৮৫৭ সালে মঙ্গল পাণ্ডের নেতৃত্বে একটি বিদ্রোহ হয়েছিল। বিদ্রোহটির নাম কী?

৫০. পশ্চিম বাংলার ব্যারাকপুরে একটি বিদ্রোহ শুরু হয়। এ বিদ্রোহ কী নামে পরিচিত? কার নেতৃত্বে এ বিদ্রোহ শুরু হয়।

৫১. বাংলার নবজাগরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন এমন দুইজন মনীষীর নাম লেখো।

৫২. ভারতীয়দের জাতীয় চেতনা প্রসারের অংশ হিসেবে ১৮৮৫ সালে একটি রাজনৈতিক দল গঠন করা হয়। এর নাম কী ছিল?

৫৩. ব্রিটিশরা শাসনকার্য পরিচালনার জন্য বাংলা প্রদেশকে দুই অংশে বিভক্ত করে। একে কী বলে এবং এটি কত সালে করা হয়?

কাঠামোবদ্ধ প্রশ্ন

১. বাংলায় নবজাগরণের ফলাফল কী ছিল? ছয়টি বাক্যে লিখ।***

২. পলাশির যুদ্ধ কত সালে সংঘটিত হয়েছিল? এ যুদ্ধ সংঘটিত হয়েছিল কেন? পলাশির যুদ্ধের চারটি ফলাফল লেখো।***

৩. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি কত বছর ভারতবর্ষ শাসন করেছিল? এ কোম্পানীর শাসন কেন রদ করা হয়? কোম্পানী শাসনের চারটি খারাপ দিক লেখো। ***

৪. সিপাহি বিদ্রোহ কী? এ বিদ্রোহ নেতৃত্ব দিয়েছিলেন কে? সিপাহি বিদ্রোহের চারটি কারণ লেখো। ***

৫. সিরাজ-উদ-দৌলা কত বছর বয়সে নবাব হন? তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করা হয়েছিল কেন? নবাবের পরাজয়ের চারটি কারণ লেখো।*

৬. সিপাহি বিদ্রোহ কত সালে সংঘটিত হয়েছিল? এ বিদ্রোহ হয়েছিল কেন? *

৭. তিতুমির কে ছিলেন? তিনি বাঁশের কেল্লা নির্মাণ করেন কেন? ব্রিটিশ বিরোধী চারটি আন্দোলনের নাম লেখো।*

৮. নবাব আলীবর্দী খাঁর মৃত্যুর পর বাংলার শেষ স্বাধীন নবাব মাত্র ২২ বছর বয়সে বাংলার নবাব হন। তার নাম কী? তিনি কত সালে সিংহাসনে বসেন? সিংহাসনে বসার পর তাকে কোন শক্তির মুখোমুখি হতে হয়? তার বিরুদ্ধে ষড়যন্ত্রকারী তিনজনের পরিচয় দাও।

৯. বাবার সাথে বাহাদুর শাহ পার্কে বেড়াতে গিয়ে মনির জানতে পারল, ১৮৫৭ সালের বিদ্রোহের প্রেক্ষাপটে পার্কটিতে একটি স্মৃতিস্তম্ভ নির্মাণ করা হয়। উক্ত বিদ্রোহের নাম কী? কার নেতৃত্বে এই বিদ্রোহ শুরু হয়? উক্ত বিদ্রোহের চারটি কারণ লেখো।

১০. ২০০ বছরের ব্রিটিশ শাসনের সময় শাসকদের বিরুদ্ধে অনেক আন্দোলন সংঘটিত হয়েছিল। কত শতক পর্যন্ত এ আন্দোলন চলতে থাকে? এ ধরনের আন্দোলন সম্পর্কে পাঁচটি বাক্য লেখো।

১১. পলাশির যুদ্ধ কী? নবাব এ যুদ্ধে পরাজিত হয়েছিলেন কেন? পলাশির যুদ্ধের চারটি ফলাফল লেখো।

১২. ১৭৫৭ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত বাংলাসহ ভারতে বিদেশি শাসন বিদ্যমান ছিল। এখানে কাদের শাসনের কথা বলা হয়েছে? তারা প্রথমে কেন ভারতে এসেছিল? বাংলায় তাদের শাসনের চারটি খারাপ দিক লেখো।

১৩. কোম্পানির শাসন রদ করে ব্রিটিশ রানি বাংলাসহ পুরো ভারতের শাসনভার নিজ হাতে তুলে নেন। তিনি কত সালে শাসনভার হাতে তুলে নেন? বাংলার প্রতি তাদের আগ্রহ ছিল কেন? তাদের শাসনের ভালো দিক সম্পর্কে চারটি বাক্য লেখো।

তৃতীয় অধ্যায়: বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শন

সংক্ষিপ্ত প্রশ্ন

১. অষ্টম শতকে কোন ধর্ম পালিত হত? ***

২. ঢাকার আহসান মঞ্জিল কীভাবে হারানো ঐতিহ্য ফিরে পেয়েছে? ***

৩. মহাস্থানগড় কোথায় অবস্থিত? **

৪. উয়ারী ও বটেশ্বর গ্রাম দুইটি কোন জেলায় অবস্থিত? **

৫. ময়নামতি প্রত্নতাত্ত্বিক নিদর্শনের দুইটি বৈশিষ্ট্য লেখো। **

৬. উয়ারী ও বটেশ্বরে প্রাপ্ত দুইটি নিদর্শনের নাম লেখো।**

৭. পাহাড়পুরে প্রাপ্ত দুইটি নিদর্শনের নাম লেখো।*

৮. ময়নামতিতে প্রাপ্ত দুইটি নিদর্শনের নাম লেখো। *

৯. লোকশিল্প জাদুঘর কে প্রতিষ্ঠা করেন? *

১০. ময়নামতি কে ছিলেন? *

১১. পানামনগর কী জন্য বিখ্যাত ছিল? *

১২. পাহাড়পুর কোন জেলায় অবস্থিত? *

১৩. কত সালে এবং কোথায় লালবাগ কেল্লা নির্মাণ করা হয়? *

১৪. বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শণগুলো থেকে আমরা কী জানতে পারি? *

১৫. দুইটি প্রাচীন নিদর্শনের নাম লেখো।

১৬. প্রাচীন নিদর্শনগুলো কারা আবিষ্কার করেন?

১৭. বাংলাদেশের অন্যতম প্রাচীন নিদর্শণ মহাস্থানগড়। নিদর্শনটি কত বছারের ইতিহাসের সাক্ষ্য বহনকরে?

১৮. রওনক সাপ্তাহিক ছুটির দিনে বাবার সাথে উয়ারী ও বটেশ্বর নামক প্রাচীন নিদর্শন দেখতে যায়। নিদর্শনটি কোন জেলার পাশাপাশি দুইটি গ্রামে অবস্থিত?

১৯. 'ক' নাম প্রত্নতাত্ত্বিক নিদর্শনটি সমুদ্র বাণিজ্যের সাথে সম্পর্কিত। নিদর্শনটির নাম কী?

২০. নরসিংদী জেলার কোন দুইটি গ্রামে মৌর্য আমলের আগের নিদর্শন পাওয়া দেছে?

২১. শাহরিয়ার টিভিতে পোড়ামাটির ফলকে অঙ্কিত জীবজন্তুর মূর্তি ও টেরাকোটা দেখে মুগ্ধ হয়। তার দেখা এসব নিদর্শন কোন প্রত্নস্থানে দেখা যাবে?

২২. পাহাড়পুরে রাজা ধর্মপালের শাসনামলে একটি গুরুত্বপূর্ণ নিদর্শন নির্মিত হয়। উক্ত নিদর্শনটি কী নামে পরিচিত?

২৩. বাংলার ইতিহাসে সোনারগাঁও অত্যন্ত বিখ্যাত। এ স্থানটি বিখ্যাত কেন?

২৪. ঐতিহাসিক স্থান সোনারগাঁওয়ের দুইটি বৈশিষ্ট্য লেখো।

২৫. সোনারগাঁও প্রাচীন বাংলার রাজধানী। স্থানটি কোন নদীর তীরে অবস্থিত?

২৬. উনিশ শতকে হিন্দু বণিকদের সুতা বাণিজ্যের কেন্দ্র হিসেবে সেনারগাঁওয়ে একটি নগদ গড়ে ওঠে। এ নগরটির নাম কী?

২৭. শিল্পাচার্য জয়নুল আবেদিন লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন। তিনি কোথায় এ জাদুঘর প্রতিষ্ঠা করেছেন?

২৮. রিফাত মেঘনা নদীর তীরে বেড়াতে গেল সোনারগাঁও নামে একটি ঐতিহাসিক নিদর্শন দেখতে পায়। এটি কোন শতকের নিদর্শন?

২৯. লালবাগ কেল্লার দুইটি বৈশিষ্ট্য লেখো।

৩০. একটি দূর্গের মাঝখানে খোলা জায়গায় মুঘল শাসকরা তাঁবু টানিয়ে বাস করতেন। দুর্গাটির নাম কী?

৩১. বুড়িগঙ্গা নদীর তীরে নবাবদের একটি রাজ প্রাসাদ আছে। এই প্রাসাদটি কোন আমলে নির্মাণ করা হয়?

৩২. পুরোনো ঢাকার অন্যতম ঐতিহ্যবাহী ভবন আহসান মঞ্জিল। এ ভবনটি কীভাবে প্রাসাদের দুইটি বৈশিষ্ট লেখো।

৩৩. প্রাচীন বাংলার রাজধানরী নাম কী ছিল?

৩৪. কত শতকে পানাম নগর গড়ে উঠেছিল?

৩৫. খোদাই পাথরের দুইটি বৈশিষ্ট্য লেখো।

৩৬. ময়নামতি কোথায় অবস্থিত? গিয়াস উদ্দিন আযম শাহের মাজার কোথায় অবস্থিত?

৩৭. আহসান মঞ্জিল প্রাসাদটি কে তৈরি করেন?

৩৮. কত সালে সোনারগাঁও-এ লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করা হয়?

৩৯. মামুন টিভি দেখে জানতে পারল, 'ব্রাহ্মী শিলালিপি' বাংলা ভাষার অন্যতম প্রাচীন নির্দশন। এর নমুনা কোথায় পাওয়া গেছে?

৪০. রফিক মহাস্থানগড় দেখতে চায়। তাকে কোন নদীর তীরে যেতে হবে?

৪১. মহাস্থানগড়ে প্রাপ্ত কোন দুইটি নিদর্শন তোমাকে বিশেষভাবে আকর্ষণ করে?

৪২. বাংলাদেশের একটি ঐতিহাসিক স্থানে চওড়া খাদ বিশিষ্ট প্রাচীন দুর্গ রয়েছে। এটি কোথায় অবস্থিত?

৪৩. মহাস্থানগড়ে ৩.৩৫ মিটার লম্বা পাথর পাওয়া গেছে। এ পাথরের নাম কী?

৪৪. কানাডার নাগরিক চার্লস বাংলাদেশের সোমপুর মহাবিহার দেখতে চান। চার্লসকে বাংলাদেশের কোন জেলা ভ্রমণ করতে হবে?

৪৫. পাহাড়পুরে রয়েছে 'সোমপুর মহাবিহার'। এ মহাবিহার কোন রাজার আমলে নির্মিত হয়?

৪৬. তুমি পাহাড়পুরের নাম শুনেছ। এটি কোন জেলায় অবস্থিত?

৪৭. পাহাড়পুরে রাজা ধর্মপালের শাসনামলে একটি গুরুত্বপূর্ণ নিদর্শন নির্মিত হয়। উক্ত নিদর্শনটি কী নামে পরিচিত?

৪৮. রনি একটি ঐতিহাসিক স্থান দেখতে গিয়েছিল, যেখানে নগর সভ্যতার নিদর্শনস্বরূপ প্রাচীন রাস্তাঘাট পাওয়া দেছে। রনি কোন ঐতিহাসিক স্থান দেখতে গিয়েছিল?

৪৯. সোনারগাঁও বেড়াতে গেলে তুমি কোন আমলের সমাধি দেখতে পাবে?

৫০. লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত? এটি কে প্রতিষ্ঠা করেন?

৫১. সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আযম শাহ্ ঢাকায় একটি দুর্গ নির্মাণ করেন। দুর্গটির নাম কী?

৫২. ঢাকার বুড়িগঙ্গা নদীর তীরে নবাবদের একটি রাজপ্রাসাদ আছে। এই রাজপ্রাসাদটির নাম কী এবং এটি কোন আমলে নির্মাণ করা হয়।

৫৩. বাংলাদেশের একটি ঐতিহাসিক নিদর্শন ১৮৮৮ সালের ঘুর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হয়। নির্দশনটির নাম কী?

কাঠামোবদ্ধ প্রশ্ন

১. কোন নদীর তীরে আহসান মঞ্জিল অবস্থিত? কে ঐ মঞ্জিল বা প্রাসাদ নির্মাণ করেন? ওই প্রাসাদ সম্পর্কে চারটি বাক্য লেখো।***

২. ঐতিহাসিক নিদর্শনগুলো প্রদর্শনের জন্য কোথায় রাখা হয়? ঐতিহাসিক নিদর্শনগুলো আমাদের সংরক্ষণ করা উচিত কেন? পাঁচটি বাক্যে লেখো।**

৩. ঐতিহাসিক স্থান কী? ঐতিহাসিক স্থানগুলো সংরক্ষণ করা প্রয়োজন কেন? ঐতিহাসিক স্থানগুলো সংরক্ষনের চারটি উপায় লেখো।**

৪. লালবাগ কেল্লার নির্মাণ কাজ কে শুরু করেছিলেন? বর্তমানে এটি জাদুঘর হিসেবে ব্যবহৃত হচ্ছে কেন? লালবাগ দুর্গের চারটি বৈশিষ্ট্য লেখো।**

৫. মৌর্য আমলে 'মহাস্থানগড়' কী নামে পরিচিত ছিল? এটি গুরুত্বপূর্ণ কেন? মহাস্থানগড়ে প্রাপ্ত চারটি নিদর্শনের নাম লেখো।**

৬. সোনারগাঁও কোন জেলায় অবস্থিত? এখানে 'লোকশিল্প জাদুঘর' প্রতিষ্ঠা করা হয়েছে কেন? সোনারগাঁও সম্পর্কে চারটি বাক্য লেখো।*

৭. সোনারগাঁও কোন নদীর তীরে অবস্থিত? এটি নদীর তীরে গড়ে উঠার কারণ কী? সোনারগাঁও সম্পর্কে চারটি বাক্য লেখো।*

৮. ময়নামতি কোন জেলায় অবস্থিত? এই জায়গার নাম ময়নামতি হয়েছে কেন? ময়নামতি সম্পর্কে চারটি বাক্য লেখো।*

৯. পাহাড়পুর কোন জেলায় অবস্থিত? এটি নির্মাণ করা হয়েছিল কেন? পাহারপুর সম্পর্কে চারটি বাক্য লেখো।*

১০. নওগাঁ জেলার পাহাড়পুরে একটি উচুঁ গড় আছে। এ গড়টি কী নামে পরিচিত? এ ধরনের ঐতিহাসিক নিদর্শনগুলোর প্রতি আমাদের শ্রদ্ধাশীল হওয়া উচিত কেন? এখানে প্রাপ্ত চারটি ঐতিহাসিক নিদর্শনের নাম লেখো।

১১. ফারহানা কুমিল্লা বেড়াতে গিয়ে বাবা-মার সাথে একটি ঐতিহাসিক স্থানে বেড়াতে গেল। ঐতিহাসিক স্থানটির নাম কী? এটি কোন সভ্যতার অন্যতম কেন্দ্র ছিল? স্থানটিতে প্রাপ্ত নিদর্শনগুলো সম্পর্কে চারটি বাক্য লেখো।

ESTD-2010 KNOWLEDGE IS POWER

১২. মিনা মোঘল আমলে নির্মিত আহসান মঞ্জিলে ঘুরতে গেল। এটি কোথায় অবস্থিত? এটি কীভাবে হারানো ঐতিহ্য ফিরে পেয়েছে? এটি সম্পর্কে চারটি বাক্য লেখো।

১৩. সোমপুর মহাবিহার কোন বিভাগে অবস্থিত? এটিকে কেন মহাবিহার বলা হয়? সোমপুর মহাবিহার সম্পর্কে চারটি বাক্য লেখো।

১৪. ময়নামতি কে ছিলেন? ময়নামতিকে বৌদ্ধ সভ্যতার কেন্দ্র বলা হয় কেন? ময়নামতির চারটি নিদর্শনের নাম লেখো।

১৫. উয়ারী-বটেশ্বরে কোন আমলের নিদর্শন পাওয়া গেছে? এ স্থানটি বাণিজ্যের সাথে সম্পর্কিত ছিল কেন? এ স্থানের চারটি নিদর্শনের নাম লেখো।

১৬. সোনারগাঁও-এর লোকশিল্প জাদুঘরটি কে প্রতিষ্ঠা করেন? প্রাচীন বাংলায় এ স্থানটিকে রাজধানী করা হয়েছিল কেন? ঐতিহাসিক এ স্থানের ঐতিহ্য রক্ষায় আমাদের তিনটি করণীয় লেখো।

১৭. জীবন ও তার বন্ধুরা পুরাতন ঢাকায় অবস্থিত মোঘল আমলে নির্মিত একটি স্থাপত্য দেখার জন্য গেল। তাদের বেড়াতে যাওয়া স্থানটির ঐতিহাসিক নাম কী? এটি কোন নদীর তীরে অবস্থিত? এ কেল্লার বৈশিষ্ট্য সম্পর্কে চারটি বাক্য লেখো।

চতুর্থ অধ্যায়: আমাদের অর্থনীতি: কৃষি ও শিল্প

সংক্ষিপ্ত প্রশ্ন

১. অর্থকরী ফসল কাকে বলে? ***

২. বাংলাদেশের মোট রপ্তানি আয়ের সিংহভাগ আসে একটি শিল্প থেকে। এ শিল্পের নাম কী? **

৩. আমাদের প্রধান খাদ্যশস্য কী? **

৪. কুটির শিল্প কী? **

৫. বাংলাদেশে কোন অঞ্চলে চা বেশি উৎপন্ন হয়? **

৬. চাষাবাদের জন্য আমাদের দেশের মাটি উপযোগী কেন? **

৭. তামার চাষকে নিরুৎসাহিত করা হচ্ছে কেন? **

৮. বাংলাদেশের প্রধান দুটি খাদ্যশস্যের নাম লেখো। **

৯. বাংলাদেশের শতকরা কত ভাগ মানুষ কৃষি কাজের মাধ্যমে জীবিকা নির্বাহ করে? **

১০. বাংলাদেশের তিনটি বৃহৎ শিল্পের নাম লেখো।*

১১. বাংলাদেশের তিনটি কুটির শিল্পের নাম লেখো।*

১২. 'ক' বাংলাদেশের প্রধান ফসল। এটি দেশের প্রায় সর্বত্র উৎপন্ন হয়। ফসলটির নাম কী? *

১৩. বাংলাদেশে উৎপাদন হয় এমন দুটি মসলার নাম লেখো। *

১৪. বাংলাদেশের কোন দুটি জেলায় চা বেশি উৎপন্ন হয়? *

১৫. বাংলাদেশের কোন অঞ্চলে গম উৎপাদন বেশি হয়? *

১৬. বাংলাদেশের দুটি রপ্তানিযোগ্য দ্রব্যের নাম লেখো। *

১৭. বাংলাদেশের দুইটি বৃহৎ শিল্পের নাম লেখো।*

১৮. খাবার সুস্বাদু করতে আমরা কী ব্যবহার করি? *

ESTD-2010 KNOWLEDGE IS POWER

১৯. বাংলাদেশের অর্থনীতিতে কোন শিল্পটি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ? *

২০. একটি দেশের জনসংখ্যার প্রায় ৮০ ভাগ মানুষ চাষাবাদের ওপর নির্ভরশীল। দেশটি কোন ধরনের? *

২১. বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। এদেশের মাটি চাষাবাদের উপযোগী হওয়ার কারণ কী? *

২২. আলু একটি প্রয়োজনীয় খাদ্য। এটি চাষের জন্য কোন ধরনের মাটি বিশেষ উপযোগী? *

২৩. আমাদের দেশের পাঁচটি শস্যের নাম লেখো।

২৪. বাংলাদেশের কোন দুটি অঞ্চলে ডালের চাষ বেশি হয়?

২৫. রনিদের কারখানায় রশি, বস্তা, কার্পেট তৈরি করা হয়। এগুলো তৈরি করতে কোনটি প্রয়োজন হয়?

২৬. বেশি পাট উৎপন্ন হয় এমন দুটি জেলার নাম লেখো।

২৭. কায়সারের বাড়ি দেশের উত্তর অঞ্চলে। এ অঞ্চলে শীতকালে কোন ফসল বেশি চাষ হয়?

২৮. বাংলাদেশের উত্তরাঞ্চলের রংপুর জেলায় একটি অর্থকরী ফসল চাষ হয়, যা মানুষেল স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। ফসলটির নাম কী?

২৯. বিদেশে সিলেটে উৎপাদিত একটি দ্রব্যের বিশেষ সুনাম রয়েছে। দ্রব্যটির নাম কী?

৩০. বাংলাদেশের চন্দ্রঘোনা, খুলনা ও পাকশিতে একটি করে কাগজ কারখানা আছে। এগুলো কোন ধরনের শিল্পের অন্তর্ভূক্ত।

৩১. আমাদের দেশে উন্নতমানের ঔষধ তৈরির জন্য ঔষধ কারখানা রয়েছে। এসব কারখানা কোন ধরনের শিল্পের অন্তর্ভূক্ত।

৩২. রহিমের মা মাটি দিয়ে খেলনা তৈরি করে বাজারে বিক্রি করেন। রহিমের মার কাজ কোন শিল্পের অন্তর্ভূক্ত?

৩৩. সাকিবের মা-বাবা বাঁশ ও বেত দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করেন। তাদের কাজটিকে কী বলা হয়?

৩৪. ধানের উৎপাদন বাড়ায় বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এ ফসলটির উৎপাদন বাড়ছে কেন?

৩৫. বাংলাদেশের মানুষ ডাল খেতে পছন্দ করে। বাংলাদেশের কোন অঞ্চলে এ খাদ্যটির চাষ বেশি হয়?

৩৬. সরিষা, বাদাম বা তিসির বীজ পেষণ করে আমরা কী পেয়ে থাকি?

৩৭. জিনিয়া খাবারকে সুস্বাদু করতে চায়। সেক্ষেত্রে তাকে কোনটি ব্যবহার করতে হবে?

৩৮. প্রতিবছর আমরা কিছু পরিমাণ মসলা আমদানি করি। আমরা এ পণ্যটি আমদানি করি কেন?

৩৯. জাতীয় অর্থনীতির শতকরা কত ভাগ কৃষি থেকে আসে?

৪০. কোন শস্যটি আমাদের দেশে সবচেয়ে বেশি উৎপন্ন হয়?

৪১. পাট উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান কত?

৪২. পাটকে সোনালী আঁশ বলা হয় কেন?

৪৩. বাংলাদেশের দুইটি কুটির শিল্পের নাম লেখো।

৪৪. বাংলাদেশের একটি অর্থকরী কৃষিপণ্যকে সোনালী আঁশ বলা হয়। এ পণ্যটির নাম কী?

৪৫. রিয়াজের বাড়ি ঘোড়াশালে। এখানে কোন শিল্পের কারখানা আছে?

৪৬. অমিত টাঙ্গাইল জেলার কাগমারিতে বাস করে। এ এলাকা কোন শিল্পের জন্য বিখ্যাত?

৪৭. বাংলাদেশের প্রায় সব অঞ্চলের জলবায়ু ও অগভীর জলাভূমি একটি ফসল চাষের বিশেষ উপযোগী। ফসলটির নাম কী?

৪৮. ধান উৎপাদন বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এর প্রধান কারণ কী?

৪৯. তামাক চাষকে নিরুৎসাহিত করার কারণ কী? দুইটি বাক্যে লেখো।

৫০. রিমা একটি বস্ত্র মেলায় গিয়ে সিল্ক ও জামদানি শাড়ি কিনল। শাড়িগুলো কোন শিল্পের অন্তর্গত?

৫১. বাংলাদেশ থেকে জুতা, বেল্ট, ব্যাগ প্রভৃতি পণ্য রপ্তানি করা হয়। এগুলো কোন ধরনের পণ্য?

কাঠামোবদ্ধ প্রশ্ন

১. কুটির শিল্প কী? এটি গুরুত্বপূর্ণ কেন? আমাদের দেশের চারটি কুটির শিল্পের নাম লেখো। ***

২. পাট কি? পাটকে সোনালী আঁশ বলা হয় কেন? পাটের চারটি ব্যবহার লেখো।***

৩. এ দেশের একটি ফসলকে সোনালী আঁশ বলা হয়। এর নাম কী? এটির উৎপাদন কমছে কেন? এর উৎপাদন বাড়ানোর চারটি উপায় লেখো। ***

৪. বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের অবদান ছয়টি বাক্যে লেখো। *

৫. রপ্তানি কী? রপ্তানি বৃদ্ধি করা প্রয়োজন কেন অথবা আমরা রপ্তানি করি কেন? আমরা রপ্তানি করি এমন চারটি দ্রব্যের নাম লেখো।*

৬. পাট কি? পাট কলগুলো নদী তীরবর্তী অঞ্চলে গড়ে ওঠে কেন? পাট শিল্পের চারটি গুরুত্ব লেখো। *

৭. কোন জেলায় তামাকের চাষ বেশি হয়? তামাক চাষকে নিরুৎসাহিত করা হয় কেন? তামাক ব্যবহারের চারটি ক্ষতিকর দিক লেখো।*

৮. পোশাক শিল্প কী? এই শিল্প গুরুত্বপূর্ণ কেন? পোশাক শিল্পের চারটি গুরুত্ব লেখো। *

৯. কায়সারদের পরিবারে ক্ষুদ্র পরিসরে অল্প পরিমাণে কিছু জিনিসপত্র তৈরি করে বিক্রি করা হয়। একে কোন শিল্প বলে? এ ধরনের একটি শিল্পের নাম লেখো। এ শিল্প সম্পর্কে চারটি বাক্য লেখো।

১০. ক্ষুদ্র পরিসরে বাড়িঘরে অল্প পরিমাণে তৈরি করা হয় তাকে কোন শিল্প বলে? এ ধরনের একটি শিল্পের নাম লেখো।

১১. বাংলাদেশের অর্থনীতি প্রধানত কী নির্ভর? কৃষি জমি কমে যাচ্ছে কেন? কৃষির উৎপাদন বৃদ্ধির চারটি উপায় লেখো।

১২. কৃষিজীবী কারা? বাংলাদেশকে কৃষিপ্রধান দেশ বলা হয় কেন? কৃষি উৎপাদন বৃদ্ধিতে তোমার চারটি পরামর্শ লেখো।

১৩. অর্থকরী ফসল কাকে বলে? পাটকে প্রধান অর্থকরী ফসল বলা হয় কেন? পাট দিয়ে তৈরি চারটি দ্রব্যের নাম লেখো।

১৪. আবহমানকাল থেকে বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। এ দেশের অর্থনীতিতে কতভাগ কৃষি থেকে আসে? এ দেশকে কৃষিপ্রধান দেশ বলা হয় কেন? দেশটির কৃষি উন্নয়নে তোমার চারটি পরামর্শ লেখো।

১৫. বাংলাদেশ তৃতীয় বিশ্বের একটি উন্নয়নশীল দেশ। এ দেশের প্রধান ফসলের নাম কী? বাংলাদেশে এর উৎপাদন বাড়ছে কেন? এ ফসল সম্পর্কে চারটি বাক্য লেখো।

১৬. বাংলাদেশের একটি অর্থকরী কৃষিপণ্য সিলেট ও চট্টগ্রাম জেলায় বেশি উৎপন্ন হয়। এ অর্থকরী কৃষিপণ্যটির নাম কী? বাংলাদেশ প্রতিবছর এটি রপ্তানি করে কেন? এ ফসলটি সম্পর্কে চারটি বাক্য লেখো।

১৭. ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলায় একটি শিল্পের অধিকাংশ কারখানা রয়েছে। এ শিল্পের নাম কী? একসময় এ শিল্পের কোন কাপড় জগৎ বিখ্যাত ছিল? এ শিল্প সম্পর্কে চারটি বাক্য লেখো।

পঞ্চম অধ্যায়: জনসংখ্যা

সংক্ষিপ্ত প্রশ্ন

১. ছিন্নমূল শিশুরা মানবেতর জীবনযাপন করে কেন? ***

২. জনসংখ্যা সমস্যার দুইটি সমাধান লেখো।**

৩. বিদ্যালয় থেকে অনেক শিশু ঝরে পড়ে কেন? **

৪. গৃহহীন মানুষ শহরে চলে আসে কেন? **

৫. একটি মৌলিক চাহিদার নাম লেখো। **

৬. জনগণকে দক্ষ মানব সম্পদে পরিণত করার দুটি উপায় লেখো।**

৭. পরিবারের ওপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব উল্লেখ করো।**

৮. জনসংখ্যা সমস্যার তিনটি সমাধান লেখো। *

৯. শিক্ষার ওপর অধিক জনসংখ্যার দুইটি প্রভাব লেখো।*

১০. একটি মৌলিক চাহিদার নাম লেখো। *

১১. জনশক্তি রপ্তানির মাধ্যমে কীভাবে দেশ সমৃদ্ধশালী হচ্ছে? *

১২. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের উপাদান কয়টি? *

১৩. তোমার জানা পরিবেশের ওপর অতিরিক্ত জনসংখ্যার দুইটি ক্ষতিকর প্রভাব লেখো। *

১৪. সমাজের ওপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব উল্লেখ করো।

১৫. খাদ্যের ওপর অধিক জনসংখ্যার দুইটি প্রভাব লেখো।

১৬. জীবনধারণের জন্য মানুষকে মৌলিক চাহিদা পূরণ করতে হয়। এ মৌলিক চাহিদাগুলোর নাম লেখো।

১৭. দেশের সামগ্রিক উন্নতির জন্য মানব সম্পদ উন্নয়ন আবশ্যক। এ ধরনের উন্নয়নের মূল উপাদান কী?

১৮. অর্থনৈতিক উন্নয়নের একটি শর্ত লেখো।

১৯. অধিক ফসল ফলানোর জন্য জমিতে কী ব্যবহার করা হচ্ছে?

২০. কাদের উপার্জিত অর্থ দেশের অর্থনীতিতে সমৃদ্ধ করেছে?

২১. শ্রমিকদের কীভাবে দক্ষ শ্রমশক্তিতে রূপান্তর করা যায়?

২২. অধিক জনসংখ্যা কীসের ওপর চাপ সৃষ্টি করে?

২৩. আমাদের কৃষি জমির পরিমাণ কমে যাচ্ছে কেন?

২৪. অনেক শিশু শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হয় কেন?

২৫. বাংলাদেশের শতকরা কত ভাগ জনসংখ্যা অক্ষরজ্ঞান সম্পন্ন?

২৬. বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীকে আমরা কীভাবে সর্বোত্তম ব্যবহার করতে পারি?

২৭. অধিক জনসংখ্যার দুইটি প্রভাব উল্লেখ করো।

২৮. অরুণদের মতো অনেক গৃহহীন মানুষ শহরে চলে আসছে। এর কারণ কী?

২৯. বাংলাদেশে যদি কখনও খাদ্যের ঘাটিতে দেখা দেয়। তাহলে প্রধান কোন কারণে খাদ্যের ঘাটতি দেখা দিবে বলে তুমি মনে কর?

ESTD-2010 KNOWLEDGE IS POWER

৩০. বাংলাদেশের প্রায় ১০ লক্ষ মানুষ গৃহহীন। এটি কেমন সংস্থার তথ্য?

৩১. তোমার দেশের সরকার কর্মক্ষম জনগণের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। এর মূল লক্ষ্য কী?

৩২. সরকার শ্রমিকদের দক্ষ শ্রমিকে রূপান্তরিত করতে চায়। এটি কীভাবে সম্ভব?

৩৩. রহিমদের দেশে প্রচুর প্রাকৃতিক সম্পদ ও মূলধন রয়েছে। তারা কীভাবে এ সম্পদের সুষ্ঠু ব্যবহার করতে পারবে?

৩৪. রাকিবদের দেশে সরকারি সহায়তায় বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এর ফলে কী ঘটবে?

কাঠামোবদ্ধ প্রশ্ন

১. মৌলিক চাহিদা কী? মৌলিক চাহিদা পূরণ হওয়া প্রয়োজন কেন? চারটি মৌলিক চাহিদার নাম লেখো।***

২. জনসংখ্যা সমস্যা কী? এ সমস্যা সমাধান প্রয়োজন কেন? জনসংখ্যা সমস্যা সমাধানের চারটি উপায় লেখো। ***

৩. সার কী? জমিতে রাসায়নিক সার ব্যবহার করা হয় কেন? রাসায়নিক সার ব্যবহারের চারটি কুফল লেখো।

৪. মৌলিক চাহিদা কী? এটি পূরণ করা প্রয়োজন কেন? মৌলিক চাহিদার উপর অধিক জনসংখ্যার চারটি প্রভাব লেখো।***

৫. জনশক্তি রপ্তানি কী? জনশক্তি রপ্তানি প্রয়োজন কেন? জনশক্তি রপ্তানির চারটি সুফল লেখো। *

৬. দক্ষ জনসম্পদ কী? দক্ষ জনসম্পদ প্রয়োজন কেন? দক্ষ জনসম্পদ গড়ে তোলার চারটি উপায় লেখো। *

৭. ঢাকা শহরের অনেক মানুষ এখনও গৃহহীন। বাংলাদেশে এ ধরনের মানুষের সংখ্যা সম্পর্কে জাতিসংঘ কী তথ্য দিয়েছে? শহরে ছিন্নমূল মানুষ গৃহ ও কাজের অভাবে কেমন জীবন যাপন করছে? এ ধরনের জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের চারটি উপায় লেখো। *

৮. মানুষের ভালোভাবে বেঁচে থাকার জন্য কিছু চাহিদা পূরণ করতে হয়। এ চাহিদার নাম কী? এ ধরনের চাহিদা পূরণ করা গুরুত্বপূর্ণ কেন? এ ধরনের চাহিদার ওপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব লেখো।

৯. আধুনিক সভ্য সমাজের সবাই বস্ত্র ব্যবহার করে। এটি আমাদের কোন ধরনের চাহিদা? বিদ্যালয়গামী শিশুদের ওপর এই চাহিদর কী ধরনের প্রভাব দেখা যায়? এ চাহিদার ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব সম্পর্কে চারটি বাক্য লেখো।

১০. প্রবল ঘূর্ণিঝড়ে সোমাদের ঘর উড়ে গেছে। এখন তাদের মাথা গোজার কোনো জায়গা নেই। সোমারা কোন চাহিদা থেকে বঞ্চিত হচ্ছে? উক্ত চাহিদা সম্পর্কে পাঁচটি বাক্য লেখো।

১১. সুমনদের গ্রামে কৃষকরা চাষাবাদে অনেক রাসায়নিক সার ব্যবহার করে। এর ফলে তারা কোন ধরনের ক্ষতির শিকার হবে? এ ধরনের ক্ষতি রোধ করতে হবে কেন? সুমনদের গ্রামের পরিবেশের ওপর অতিরিক্ত জনসংখ্যার চারটি প্রভাব লেখো।

১২. জনসংখ্যার ঘনত্ব কী? বাংলাদেশে জনসংখ্যার ঘনত্ব বেশি কেন? জনসংখ্যা অতিরিক্ত হলে যে অসুবিধা সৃষ্টি হয় সে সম্পর্কে চারটি বাক্য লেখো।

১৩. তৃতীয় বিশ্বের একটি উন্নয়নশীল রাষ্ট্র হওয়ায় বাংলাদেশে নানাবিধ সামাজিক সমস্যা রয়েছে। এ দেশের প্রধান সমস্যা কী? সমাজে কীসের ওপর এ সমস্যার প্রভাব পড়ে? পরিবারের ওপর এ সমস্যার চারটি প্রভাব উল্লেখ করো।

১৪. জয়নগর গ্রামে আগে অনেক কৃষিজমি থাকলেও ইদানিং এর পরিমাণ অনেক কমে গিয়েচে। গ্রামটিতে কৃষিজমির পরিমাণ কমে যাওয়ার কারণ কী? এ সমস্যা সমাধানে কোন ধরনের কৌশল অবলম্বন করা প্রয়োজন? এ রকম চারটি কৌশল উল্লেখ করো।

ESTD-2010 KNOWLEDGE IS POWER

ষষ্ঠ অধ্যায়: জলবায়ু ও দুর্যোগ

সংক্ষিপ্ত প্রশ্ন

১. খরার দুইটি ফলাফল লেখো। ***

২. বড় ধরনের ভূমিকম্পের দ্বিতীয় ঝুঁকি হিসেবে কী হওয়ার আশঙ্কা রয়েছে? ***

৩. বাংলাদেশে ভূমিকম্পের ঝুঁকি রয়েছে কেন? **

৪. বাংলাদেশের জলবায়ু পরিবর্তনের তিনটি কারণ উল্লেখ করো। **

৫. আবহাওয়া কাকে বলে? **

৬. ভূমিকম্প চলাকালীন দুইটি করণীয় লেখো।*

৭. জলবায়ু পরিবর্তনের একটি প্রভাব লেখো।*

৮. প্রাকৃতিক দুর্যোগ বেড়ে যাচ্ছে কেন? *

৯. ২০০৭সালে কোন ঘূর্ণিঝড়টি আঘাত হানে? *

১০. হঠাৎ ভূমিকম্প শুরু হলো। এক্ষেত্রে তোমার করণীয় কী? *

১১. বাংলাদেশের জলবায়ু পরিবর্তনের ফলে কৃষিজমির কী ধরনের ক্ষতি হচ্ছে বলে তোমার মনে হয়? *

১২. দুর্যোগের দুটি প্রাকৃতিক কারণ উল্লেখ করো।

১৩. দুর্যোগের দুটি মানবসৃষ্ট কারণ উল্লেখ করো।

১৪. পরিবেশবিদ মিজান সাহেব বাংলাদেশের গত ৩০-৪০ বছরের গড় আবহাওয়া সম্পর্কে গবেষণা করছেন। তিনি কোন বিষয়টি নিয়ে গবেষণা করছেন?

১৫. রাহাত বাংলাদেশের দক্ষিণাঞ্চলের বরিশাল জেলায় বাস করে। তার এলাকায় কোন দুর্যোগটি প্রায় প্রতি বছরই দেখা দেয়?

১৬. ২০৫০সালের মধ্যে এদেশের ২০ শতাংশ এলাকা সমুদ্রে তলিয়ে যেতে পারে। এর অন্যতম কারণ কী?

১৭. মুন্সিগঞ্জের হাসাইল গ্রামের নদীর পাড় ভেঙ্গে বাড়িঘর, ফসলের মাঠ বিলীন হয়ে যাচ্ছে। এই অঞ্চলে ঘটা দুর্যোগটির নাম কী?

১৮. নদীর পাড় রক্ষায় পানি উন্নয়ন বোর্ডের দুইটি কাজ উল্লেখ করো।

১৯. সাগর লালমনির হাট বেড়াতে গিয়ে দেখলো গ্রামের পুকুর, খাল-বিল সব শুকিয়ে গেছে। এই অঞ্চলের এরূপ অবস্থার কারণ কী?

২০. পদ্মা নদী তীরবর্তী গ্রামগুলো নদীভাঙনের কবলে পড়ছে। তোমার এলাকায় এ বছর খরা দেখা দিয়েছে। এ দুর্যোগ প্রতিরোধের জন্য একটি করণীয় লেখো।

২১. শামিম সাহেব গাছ না লাগিয়ে শুধু গাছ কাটেন। এর ফলে কী ঘটতে পারে?

২২. খরার মানবসৃষ্ট দুইটি কারণ লেখো।

২৩. ভূমিকম্পের পরে দুইটি করণীয় লেখো।

২৪. ভবন নির্মাণে সরকারি সতর্কতা অবলম্বন করলে কোন ধরনের ভূমিকম্প মোকাবিলা করা যায়?

২৫. জলবায়ু কী?

২৬. নদীভাঙনের একটি মানবসৃষ্টি কারণ লেখো।

২৭. নদীর পাড় রক্ষায় কোন সংস্থা কাজ করে?

ESTD-2010 KNOWLEDGE IS POWER

২৮. ভূমিকম্প চলাকালীন একটি করণীয় লেখো।

২৯. খরার একটি প্রভাব লেখো।

৩০. নদীভাঙনের একটি প্রাকৃতিক কারণ লেখো।

৩১. শেফাদের এলাকায় দীর্ঘদিন যাবত শুষ্ক আবহাওয়া বিরাজমান। এর ফলে কোন দুর্যোগ দেখা দিতে পারে?

৩২. শামীম দেখলে হঠাৎ করে তার পড়ার টেবিল কাঁপছে। এটি কোন দুর্যোগ?

৩৩. আশাদের গ্রামের গড় তাপমাত্রা দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। এর কারন কী?

কাঠামোবদ্ধ প্রশ্ন

১. প্রাকৃতিক দুর্যোগ কী? প্রাকৃতিক দুর্যোগের সম্ভাবনা বেড়ে যায় কেন? দুর্যোগ মোকাবিলায় চারটি করণীয় লেখো।***

২. জলবায়ু কী? জলবায়ু পরিবর্তন হচ্ছে কেন? জলবায়ু পরিবর্তনের চারটি মানবসৃষ্টি কারণ লেখো।***

৩. ভূমিকম্প কী? বাংলাদেশের ভূমিকম্পের ঝুঁকি রয়েছে কেন? ভূমিকম্পের ঝুঁকি মোকাবিলায় চারটি করণীয় লেখো। **

৪. দুর্যোগ কী? দুর্যোগের পূর্বাভাস জানা প্রয়োজন কেন? দুর্যোগ পরবর্তী চারটি করণীয় লেখো।**

৫. নদীভাঙন কী? নদীর স্বাভাবিক প্রবাহ ক্ষতিগ্রস্ত হয় কেন? নদীভাঙনের চারটি মানবসৃষ্ট কারণ লেখো। *

৬. বন্যা কী? বন্যা কেন হয়? বন্যা প্রতিরোধে চারটি করণীয় লেখো। *

৭. জলবায়ু কী? জলবায়ু বদলে যাচ্ছে কেন? বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের চারটি প্রভাব লেখো।*

৮. আবহাওয়া কী? প্রাকৃতিক দুর্যোগের সম্ভাবনা বেড়ে যাচ্ছে কেন? চারটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখো। *

৯. খরা কী? খরা হয় কেন? খরার চারটি ক্ষতিকর প্রভাব লেখো। *

১০. বিভিন্ন কারণে বিশ্বের জলবায়ু বদলে যাচ্ছে। এ পরিবর্তনের ছয়টি ক্ষতিকর প্রভাব লেখো।

১১. অনিবার্য কারণ ছাড়া গাছ কাটা উচিত নয় কেন? গাছ কাটলে পরিবেশের দু'টি সম্ভাব্য ক্ষতির নাম লেখো। গাছ সংরক্ষণে তোমার তিনটি করণীয় লেখো।

১২. বিভিন্ন দুর্যোগে শিশুদের লেখাপড়ায় কী কী সমস্যা হয় তা ছয়টি বাক্যে লেখো।

১৩. নদীভাঙ্গন কী? নদীভাঙ্গন কেন হয়? নদীভাঙনের চারটি ক্ষতিকর প্রভাব লেখো।

১৪. বন্ধুদের সাথে রংপুর বেড়াতে গিয়ে ফাহিম দেখল, সেখানকার খাল-বিল শুকিয়ে গেছে। কৃষকরা ফসল ফলাতে পারছে না। ফাহিম রংপুরে কোন প্রাকৃতিক দুর্যোগ দেখল? এ দুর্যোর সৃষ্টির প্রধান কারণ কী? দুর্যোগটির চারটি ফলাফল লেখো।

১৫. রওনক পড়তে বসার পর টের পেল যে, ঘর, টেবিল ইত্যাদি নড়ছে। সে কোন দুর্যোগের সম্মুখীন হয়েছে? বাংলাদেশে এ দুর্যোগের ঝুঁকি রয়েছে কেন? এ দুর্যোগ ঘটার সময় কী করণীয় সে সম্পর্কে চারটি বাক্য লেখো।

সপ্তম অধ্যায়: মানবাধিকার

সংক্ষিপ্ত প্রশ্ন

১. শিশু অধিকার লঙ্ঘনের তিনটি উদাহরণ দাও। ***

২. মানবাধিকার রক্ষায় একটি করণীয় লেখো। ***

৩. মানবাধিকার কাকে বলে? **

৪. অটিস্টিক শিশুর তিনটি বৈশিষ্ট্য লেখো।**

৫. অটিস্টিক শিশুর একটি বৈশিষ্ট্য লেখো।**

৬. 'অটিজম' কী? *

৭. শিক্ষা গ্রহণ কী ধরনের অধিকার? *

৮. কোন ধরনের শিশুদের দলীয় কাজ করতে সমস্যা হয়? *

৯. কত তারিখে মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র অনুমোদিত হয়? *

১০. আমরা মানবাধিকার রক্ষা করব কেন? *

১১. অটিজম কী ধরনের সমস্যা? *

১২. নারী ও শিশু পাচার বন্ধ হওয়া প্রয়োজন কেন? *

১৩. নারী অধিকার লঙ্ঘনের তিনটি উদাহরণ দাও।

১৪. বাংলাদেশের সমাজের মেয়েদের অধিকার লঙ্ঘনের দুইটি উদাহরণ দাও।

১৫. বাংলাদেশে বসবাসকারী প্রত্যেক ধর্মাবলম্বী স্বাধীনভাবে ধর্মীয় অনুষ্ঠান পালন করেন। এটি তাদের কোন ধরনের অধিকারের অন্তর্ভূক্ত?

১৬. তোমার ভাই অটিস্টিক শিশু। তাকে যদি বিশেষ যত্ন না নাও তাহলে কী ঘটবে?

১৭. তোমার শ্রেণিতে একজন শিশু রয়েছে, সে সকল কাজ একই নিয়মে করতে চায়। শিশুটি কোন ধরনের?

১৮. শ্যামল কর্মক্ষেত্রে অসুস্থ হওয়ার পর তাকে চিকিৎসা দেওয়া হয়নি। সে কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হয়েছে?

১৯. দারিদ্র্যের কারণে ফজল স্কুলে না দিয়ে কারখানায় কাজ করে। ফজল কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?

২০. ঋতু সাহা স্কুলে না গিয়ে বাসায় কাজ করে। ঋতু সাহা কোন অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?

২১. ঠিকমতো পড়াশোনা না করলে রুবির মা তাকে প্রচণ্ড মারধর করেন। রুবি তার কোন অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?

২২. রহমান সাহেব তার ছেলে-মেয়েদের সবক্ষেত্রে সমান সুযোগ-সুবিধা প্রদান করেন। রহমান সাহেবের বাড়ির সবাই কোন অধিকার ভোগ করছে?

২৩. সুমনা একটি এনজিওতে চাকরির সুযোগ পায়। কিন্তু তার পরিবারের লোকজন তাকে চাকরি করতে দেয় না। এখানে সুমনার কোন অধিকার লঙ্ঘিত হচ্ছে?

২৪. তৌহিদা একটি ব্যাংকে চাকরি করেন। সেখানে তৌহিদা পুরুষদের মতোই সুযোগ-সুবিধা ভোগ করেন। তৌহিদা কোন ধরনের অধিকার ভোগ করছেন?

২৫. সামিয়া মেধাবী ছাত্রী। কিন্তু মেয়ে হওয়ার কারণে তাকে তার পরিবার বিশ্ববিদ্যালয়ে ভর্তি করায়নি। এর ফলে সামিয়ার কোন ধররেন অধিকার লঙ্ঘিত হয়েছে?

২৬. মানবাধিকার রক্ষায় জাতিসংঘ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সংস্থাটি কত সালে মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র অনুমোদন করেছে?

২৭. পঞ্চম শ্রেণির একজন শিশু কোনো একটি বিশেষ জিনিসের প্রতি প্রবল আকর্ষণ বোধ করে এবং সেটি সবসময় সাথে সাথে রাখতে চায়। এই শিশুটির মতো শিশুদের সাথে কেমন ব্যবহার করা উচিত?

২৮. আমাদের অনেকের বাড়িতে সহায়তাকারীরা কাজ করেন। তাদের প্রতি আমাদের আচরণ কেমন হওয়া উচিত?

২৯. দু'টি মানবাধিকারের নাম লেখো।

৩০. শিশুদের মানবাধিকার লঙ্ঘিত হয় এমন একটি উদাহরণ লেখো।

৩১. শিশুশ্রম কী?

৩২. নারীর মানবাধিকার খর্ব হয় কেন?

৩৩. অটিস্টিক শিশুর প্রতি আমরা বিশেষ যত্ন নেব কেন?

৩৪. বাংলাদেশে শিশুশ্রমের সময়সীমা কত?

৩৫. তুমি মানুষ হিসেবে স্বাধীনভাবে চলাফেরাসহ আরও অনেক অধিকার ভোগ কর। জাতিসংঘ কবে এসব অধিকারকে স্বীকৃতি দিয়েছে?

৩৬. সোহেল দৈনিক কাজের রুটিন বদল হলে খুবই উত্তেজিত হয়। সে কেমন শিশু?

৩৭. শিশু রিয়াজ ইট ভাটায় কাজ করে। এতে তার কোন অধিকার লঙ্ঘিত হচ্ছে?

৩৮. দারিদ্র্যের কষাঘাতে হাসান লেখাপড়ার সুযোগ পায় না। এর ফলে সে কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?

৩৯. কালু মিয়া শিশু পাচারকারী। তার বিরুদ্ধে তোমার কী করা উচিত?

৪০. মানবাধিকার সার্বজনীন বিষয়। এ অধিকারের প্রয়োজন কেন?

৪১. তোমাদের সমাজে শিশুদের মানবাধিকার লঙ্ঘনের দুইটি উদাহরণ দাও।

৪২. জনি তার সব কাজ একই নিয়মে করতে চায়। জনিকে আমরা কোন ধরনের শিশু বলতে পারি?

৪৩. তোমার শ্রেণিতে একজন অটিস্টিক শিশু রয়েছে। তার সাথে তুমি কেমন আচরণ করবে না?

৪৪. জালালের বয়স ১৪ বছর। সে একটি চানাচুর ফ্যাক্টরিতে কাজ করে। আইনের দৃষ্টিতে তার কাজটি কীরূপ?

৪৫. তোমার এক প্রতিবেশী মানবাধিকার বিরোধী কাজ করেছে। এক্ষেত্রে তোমার কী করা উচিত?

কাঠামোবদ্ধ প্রশ্ন

১. মানবাধিকার কী? এটি প্রয়োজন কেন? মানবাধিকার রক্ষায় আমাদের চারটি করণীয় লেখো।***

২. শিশু পাচার কী? এটি কী ধরনের অপরাধ? শিশু অধিকার লঙ্ঘনের চারটি উদাহরণ দাও। **

৩. অটিস্টিক শিশুর ছয়টি বৈশিষ্ট্য লেখো।**

৪. নাফিস চমৎকার ছবি আঁকে। কিন্তু সে কারো সাথে মিশতে চায় না। সে কোন ধরনের শিশু? এ ধরনের শিশুর সাথে তুমি কীরূপ ব্যবহার করবে? নাফিসের মতো শিশুদের চারটি বৈশিষ্ট্য লেখো। *

৫. শিক্ষা গ্রহণ কী ধরনের অধিকার? এটি গুরুত্বপূর্ণ কেন? এ অধিকার রক্ষায় তোমার চারটি করণীয় লেখো।*

৬. অটিজম কী? অটিস্টিক শিশুদের বিকশিত হওয়া প্রয়োজন কেন? অটিস্টিক শিশুর সাথে ভাল আচরণ করার চারটি উপায় লেখো। *

৭. শিশুশ্রম কী? শিশুশ্রম রোধ করা প্রয়োজন কেন? শিশুশ্রমের চারটি ক্ষতিকর দিক লেখো। *

৮. অটিজম কী? অটিস্টিক শিশুর সাথে ভাল ব্যবহার করবে কেন? বিদ্যালয়ে অটিস্টিক বন্ধুদের সাহায্য করার চারটি উপায় লেখো। *

৯. তোমার বিদ্যালয়ের একজন বন্ধু স্কুলে না এসে ইটের ভাটায় কাজ করে। তার এ কাজ কী হিসেবে গণ্য হবে? জাতিসংঘ এ ধরনের কাজের বিরোধিতা করে 'ঘোষণাপত্র' অনুমোদন করেছে কেন? এ ধরনের কাজের ফলে তোমার বন্ধুর মতো শিশুদের জীবনে কী ঘটে তা চারটি বাক্যে লেখো।

১০. মনির ১০ বছরের শিশু। সে স্কুলে না যেয়ে মিষ্টির দোকানে কাজ করে। মনির কোন অধিকার থেকে বঞ্চিত হচ্ছে? এ ধরনের অধিকার রক্ষায় আমাদের পাঁচটি করণীয় লেখো।

১১. 'ক' সম্পূর্ণ সুস্থ হলেও দৈনিক রুটিন বদল হলে খুবই উত্তেজিত হয়। সে কোন সমস্যায় আক্রান্ত? এর ধরনের শিশুদের কীভাবে স্বাভাবিক জীবনে অভ্যস্ত করা সম্ভব? 'ক' এর মতো শিশুদের তিনটি বৈশিষ্ট্য লেখো।

১২. বিশ্বসংস্থা হিসেবে জাতিসংঘ অনেক গুরুত্বপূর্ণ কাজ করে। এসব কাজের মধ্যে মানবাধিকার রক্ষা অন্যতম। এ কাজের অংশ হিসেবে জাতিসংঘ কী করেছে? মানবাধিকার বলতে কী বোঝ? চারটি মৌলিক মানবাধিকারের নাম লেখো।

১৩. মানুষের ভালোভাবে বেঁচে থাকার জন্য প্রয়োজন বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা। এই সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারকে কী বলে? এ ধরনের অধিকার গুরুত্বপূর্ণ কেন? আমাদের জীবনে এ ধরনের অধিকারের প্রয়োজণীয়তা সম্পর্কে চারটি বাক্য লেখো।

১৪. অটিস্টিক শিশুরা কী সমস্যায় আক্রান্ত? এ ধরনের শিশুর সাথে তুমি কীরূপ ব্যবহার করবে? উক্ত শিশুদের চারটি বৈশিষ্ট্য লেখো।

১৫. আট বছরের শিশু সোহানাকে গ্রামের এক পরিচিত লোক ঢাকায় নিয়ে বিক্রি করে দিয়েছে। সোহানা কীসের শিকার হয়েছে? এ ধরনের কাজ চোখের সামনে দেখলে আমাদের কী করতে হবে? এ ঘটনার মতো শিশুদের মানবাধিকার লঙ্ঘনের চারটি উদাহরণ দাও।